গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ)
পর্যটন ভবন (লেভেল ৬ ও ৭), ই-৫ সি/১, আগারগাঁও, ঢাকা - ১২০৭
www.smef.gov.bd

স্মারক নম্বর: ৩৬.১২.০০০০.০৩৫.১১.০০১.২০-৭৯৭

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ / ৩০ জুলাই ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তা উন্নয়ন প্রতিষ্ঠান এসএমই ফাউন্ডেশনে নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে অনলাইনে (**http://smef.teletalk.com.bd** ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | **উপব্যবস্থাপক**<br>(ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং)<br>৫৪,২৫০-১,৩০,৫৬০/- টাকা | ০১<br>(এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** এসএমই উন্নয়নে অভিজ্ঞতা সম্পন্ন এবং স্বনামধন্য সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির পদে কমপক্ষে ৪ (চার) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। শিল্পোন্নয়ন ও প্রযুক্তি উন্নয়ন সংক্রান্ত কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩৫ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ২. | **উপব্যবস্থাপক**<br>(ক্রেডিট এন্ড ফাইন্যান্স)<br>৫৪,২৫০-১,৩০,৫৬০/- টাকা | ০১<br>(এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যাংকিং/ফাইন্যান্স/অর্থনীতি সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স বা এমবিএম ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** এসএমই উন্নয়নে অভিজ্ঞতা সম্পন্ন এবং স্বনামধন্য ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির পদে কমপক্ষে ৪ (চার) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। ক্রেডিট ম্যানেজমেন্ট, ঋণ বিতরণ, ঋণ কার্যক্রমের মনিটরিং ও মূল্যায়ন সংক্রান্ত কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩৫ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৩. | **উপব্যবস্থাপক** (গবেষণা)<br>৫৪,২৫০-১,৩০,৫৬০/- টাকা | ০১<br>(এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/পরিসংখ্যান/ডেভেলপমেন্ট স্টাডিজ/সমাজ বিজ্ঞান/গবেষণা সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** এসএমই উন্নয়নে অভিজ্ঞতা সম্পন্ন এবং স্বনামধন্য সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে গবেষণা সংশ্লিষ্ট প্রথম শ্রেণির পদে ন্যূনতম ৪ (চার) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। গবেষণাভিত্তিক কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩৫ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint ইত্যাদি) এবং SPSS অথবা গবেষণা কাজে ব্যবহৃত সফটওয়্যার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। |
| ৪. | **উপব্যবস্থাপক** (প্রকল্প)<br>৫৪,২৫০-১,৩০,৫৬০/- টাকা | ০১<br>(এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রজেক্ট ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স বা সমমানের ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** এসএমই উন্নয়নে অভিজ্ঞতা সম্পন্ন এবং স্বনামধন্য সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির পদে কমপক্ষে ৪ (চার) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। প্রজেক্ট ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রম: বিশেষ করে প্রকল্প পরিকল্পনা ও বাজেট প্রণয়ন, প্রকল্প বাস্তবায়ন ও তত্ত্বাবধান, প্রকল্পের ফলাফল মূল্যায়ন, ডিপিপি (উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা) প্রণয়ন, সংশোধন এবং অনুমোদন গ্রহণ প্রভৃতি কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩৫ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)। |

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| | | | মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৫. | **উপব্যবস্থাপক** (মানবসম্পদ)<br>৫৪,২৫০-১,৩০,৫৬০/- টাকা | ০১<br>(এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এইচআরএম/অর্থনীতি/ফাইন্যান্স সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স বা সমমানের ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** এসএমই উন্নয়নে অভিজ্ঞতা সম্পন্ন এবং স্বনামধন্য সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির পদে কমপক্ষে ৪ (চার) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। মানবসম্পদ ব্যবস্থাপনা কার্যক্রম বিশেষ করে জনবল নিয়োগ, প্রশিক্ষণ, কর্মীদের কর্মসম্পাদন মূল্যায়ন, মানবসম্পদ নীতিমালা প্রণয়ন, কর্মপরিবেশ উন্নয়ন এবং প্রশাসনিক কার্যক্রমে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩৫ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৬. | **সহকারী ব্যবস্থাপক**<br>(টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং)<br>৪০,৩০০-৯৬,৯৮৯ টাকা | ০১<br>(এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩২ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৭. | **সহকারী ব্যবস্থাপক**<br>(একাউন্টস এন্ড অডিট)<br>৪০,৩০০-৯৬,৯৮৯ টাকা | ০১<br>(এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান বিষয়ে অনার্সসহ মাস্টার্স বা সমমানের ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩২ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৮. | **সহকারী ব্যবস্থাপক**<br>(ক্রেডিট এন্ড ফাইন্যান্স)<br>৪০,৩০০-৯৬,৯৮৯ টাকা | ০১<br>(এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যাংকিং/ফাইন্যান্স/অর্থনীতি সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স বা এমবিএম ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩২ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৯. | **সহকারী ব্যবস্থাপক**<br>(মানবসম্পদ)<br>৪০,৩০০-৯৬,৯৮৯ টাকা | ০১<br>(এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এইচআরএম/অর্থনীতি/ফাইন্যান্স সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩২ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ১০. | **সহকারী ব্যবস্থাপক**<br>(সাধারণ)<br>৪০,৩০০-৯৬,৯৮৯ টাকা | ০৩<br>(তিন) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স বা সমমানের ডিগ্রি তবে কারিগরী/ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিএসসি বা সমমানের ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩২ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ১১. | **জুনিয়র অফিসার**<br>(অডিও ভিজুয়াল)<br>৩১,৬২০-৭৬,০৯৮ টাকা | ০১<br>(এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফটোগ্রাফি/মাল্টিমিডিয়া অ্যান্ড ক্রিয়েটিভ টেকনোলজি/ফিল্ম অ্যান্ড ভিডিও প্রোডাকশন/টেলিভিশন অ্যান্ড ফিল্ম স্টাডিজ/সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স বা সমমানের ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা |

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| | | | সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩২ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>প্রফেশনাল ডিএসএলআর ও ভিডিও ক্যামেরা পরিচালনায় দক্ষতা এবং স্টিল ফটোগ্রাফি, ভিডিও শুটিং, ডকুমেন্টারি প্রস্তুতিতে অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ফটোগ্রাফি/ ভিডিওগ্রাফিতে প্রফেশনাল কোর্স/সার্টিফিকেশন থাকলে অগ্রাধিকার দেয়া হবে।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ১২. | **জুনিয়র অফিসার** (আইসিটি)<br>৩১,৬২০-৭৬,০৯৮ টাকা | ০১ (এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজি সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩২ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>আইসিটি সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ১৩. | **জুনিয়র অফিসার** (একাউন্টস এন্ড অডিট)<br>৩১,৬২০-৭৬,০৯৮ টাকা | ০১ (এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান বিষয়ে অনার্সসহ মাস্টার্স বা সমমানের ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩২ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>অডিট এন্ড একাউন্টস সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ১৪. | **জুনিয়র অফিসার** (লজিস্টিক্স)<br>৩১,৬২০-৭৬,০৯৮ টাকা | ০১ (এক) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স বা সমমানের ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩২ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>লজিস্টিক্স সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ১৫. | **জুনিয়র অফিসার** (সাধারণ)<br>৩১,৬২০-৭৬,০৯৮ টাকা | ০৬ (ছয়) | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স বা সমমানের ডিগ্রি তবে কারিগরী/ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে বিএসসি বা সমমানের ডিগ্রি এবং কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ-সহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি (তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়) থাকতে হবে।<br>**বয়সসীমা:** সর্বোচ্চ ৩২ বছর (৩১ আগস্ট ২০২৫ তারিখে)।<br>মাইক্রোসফট অফিস সফটওয়্যার (MS Word, Excel, PowerPoint etc.) সহ কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |

**অন্যান্য সুবিধা:** মূল বেতনের ৬০% বাড়ী ভাড়া এবং নির্ধারিত চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, কন্ট্রিবিউটরি ভবিষ্য-তহবিল, আনুতোষিক, বাৎসরিক ইনক্রিমেন্ট, ইন্স্যুরেন্স ও উৎসব ভাতাসহ চাকুরি বিধিমালা মোতাবেক অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।

**শর্ত ও নিয়মাবলী:**

১. সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

২. উপরোল্লিখিত পদসমূহের মধ্যে একজন প্রার্থী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদন করলে সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

৩. সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এছাড়া মৌখিক পরীক্ষার সময় চাকরিরত প্রার্থীদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

৪. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:
ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://smef.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **৩১/০৭/২০২৫খ্রি., সকাল- ১০:০০ টা।**

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **৩১/০৮/২০২৫খ্রি., বিকাল ০৫:০০ টা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy তে যদি কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোড পূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicants কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ **০১-১৫ নম্বর ক্রমিকে উল্লিখিত** সকল পদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৫০/- (পঞ্চাশ) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ **আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

**প্রথম SMS:**

**SMEF** <Space> **User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: SMEF ABCDEF**

Reply: Applicant's Name, Tk. 500/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type SMEF<Space>Yes<Space>PIN and send to 16222. *দ্বিতীয়* SMS:

**দ্বিতীয় SMS:**

**SMEF** <Space> **Yes** <Space> **PIN** লিখে Send *করতে হবে* 16222 *নম্বরে।*

**Example: SMEF YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for ….. Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://smef.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় (প্রিলিমিনারী টেস্ট ও লিখিত পরীক্ষা) অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলেঃ

**SMEF**<Space>**Help**<Space>**User**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **SMEF Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলেঃ

**SMEF**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN No** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **SMEF Help PIN 12345678**

**ঝ)** বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও এসএমই ফাউন্ডেশন এর ওয়েবসাইটে www.smef.gov.bd এ বিজ্ঞপ্তিসহ সকল তথ্য দেখা যাবে। অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার (প্রিলিমিনারী টেস্ট, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা) তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.smef.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

**ঞ)** Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা info@smef.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: **SMEF**, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

**ট) ডিক্লারেশনঃ** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দূনীর্তির

আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৫. **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ১-৪) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(১) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ।

(২) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(৩) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

(৪) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy).

৬. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য এসএমই ফাউন্ডেশন এর ওয়েবসাইট (www.smef.gov.bd)- এ পাওয়া যাবে।

৭. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৯. প্রিলিমিনারি টেস্ট/লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. এসএমই ফাউন্ডেশন কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বা এর যে কান শর্ত সংশোধন/স্থগিত/বাতিল/নিয়োগের বিষয়ে যে কোন ধরনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

এসএমই ফাউন্ডেশনের QR Code

টেলিটক জব পোর্টালের QR Code

(আনোয়ার হোসেন চৌধুরী)
ব্যবস্থাপনা পরিচালক (গ্রেড-১)
এসএমই ফাউন্ডেশন